

# গবেষণা খাতে ২ কোটি টাকা অনুদান পেল বুয়েট শিক্ষকরা

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১৭ ফেব্রুয়ারি ২০২৪, ২১:৪৫

ছবি: ইত্তেফাক

উদ্ভাবনী গবেষণা প্রকল্প প্রদর্শন এবং শিল্পের সঙ্গে সহযোগিতা বৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষকদের ২ কোটি টাকা গবেষণা অনুদান প্রদান করা হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

UNIBOTS

শনিবার (১৭ ফেব্রুয়ারি) বিকালে বিশ্ববিদ্যালয়ের ইসিই ভবনের সেমিনার কক্ষে ‘অভ্যন্তরীণ গবেষণা অনুদান প্রদান এবং গবেষণা প্রদর্শনী’ শীর্ষক এক অনুষ্ঠানে এ অনুদান প্রদান করা হয়। বুয়েটের রিসার্চ

অ্যাড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যাড ইঞ্জিনিয়ারিং (রাইজ) এ অনুষ্ঠানের আয়োজন করে।

সর্বোচ্চ অনুদান আনার জন্য ২০২১-২২ অর্থবছরে (বিভাগ/ইনস্টিটিউট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, (ফ্যাকাল্টিজ) অধ্যাপক ড. মো. এহসান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ও রাইজ-এর পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আনিসুজ্জামান তালুকদার এবং ২০২২-২৩ অর্থবছরে (বিভাগ/ইনস্টিটিউট) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, (ফ্যাকাল্টিজ) অধ্যাপক ড. এ.কে.এম. সাইফুল ইসলাম ও অধ্যাপক ড. মুশফিকুস সালাহীনকে ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের এসডিজি বিষয়ক প্রধান সমন্বয়কারী মো. আখতার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জনাব জিএসএম জাফরুল্লাহ ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)-এর সদস্য অধ্যাপক ড. হাসিনা খান।

এছাড়া গেস্ট অব আনার হিসেবে উপস্থিত ছিলেন ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম. এ. জব্বার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করেন রিসার্চ অ্যাড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যাড ইঞ্জিনিয়ারিং (রাইজ)-এর পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আনিসুজ্জামান তালুকদার।

উল্লেখ্য, বুয়েট রাইজের মাধ্যমে বুয়েটের শিক্ষকদের থেকে ২০২৩ সালে গবেষণা প্রস্তাবনা আহ্বান করে। এতে ২৯টি গবেষণা প্রস্তাবনা জমা পড়ে। সেখান থেকে বাছাই করে সময়োপযোগী, চতুর্থ শিল্প বিপ্লব মোকাবিলায় সহায়ক ১২টি প্রকল্পে অর্থায়ন করা হয়। এই ১২টি প্রকল্পে আডারগ্রাজুয়েট বা পোস্টগ্রাজুয়েট শিক্ষার্থী থেকে অন্তত ১ জন করে রিসার্চ অ্যাসিস্ট্যান্ট কাজ করবে।

অনুষ্ঠানে বুয়েটের ডিনবৃন্দ, বিভিন্ন পরিদপ্তরের পরিচালক, বিভাগীয় প্রধানগণ, বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা, ছাত্রছাত্রী ও বিশিষ্টজনরা উপস্থিত ছিলেন।

ইত্তেফাক/এবি